

ঢাকা ওয়াসা

- ০১। অত্র বিভাগের ২০২৪-২৫ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।
০২। কোটেশন।
০৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়: ফটোকপিয়ার মেশিন মেরামত ও রক্ষণাবেক্ষণ করণ প্রসঙ্গে।

০১। ক্র: নং ১ হতে ৩ সদয় দেখা যেতে পারে। অত্র বিভাগের অধীনে ৬৩০টি অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। মেরামত-রক্ষণাবেক্ষণ কাজের বিভিন্ন ধরনের প্রাক্কলন তৈরী, কাজের রেকর্ড সংরক্ষণ সংক্রান্ত নথি, সার্বক্ষনিক পাম্প-মোটরের হিসাব, কূপ হতে উঠে আসা পাম্প-মোটর, ঠিকাদারের মেরামতকৃত পাম্প, ট্রান্সফরমার, এলটি প্যানেল, কলাম পাইপ, ভিএফডি প্রভৃতি মেরামত-রক্ষণাবেক্ষণ কাজের পরিধি বৃদ্ধি পাচ্ছে। যার কারনে প্রতিদিনই বিভিন্ন ধরনের ডকুমেন্ট/পেপার এর ফটোকপি প্রয়োজন পড়ে। এছাড়াও ফিল্ড স্টাফদের খাবার বিল, ওভারটাইম ও অন্যান্য দাপ্তরিক কাজ সহ প্রাত্যহিক বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজের প্রয়োজনে ফটোকপিয়ার মেশিনগুলো ব্যবহৃত হয়। ফটোকপিয়ার মেশিনগুলো দীর্ঘ দিনের পুরানো হওয়ায় প্রায়শঃ যান্ত্রিক ত্রুটি দেখা দেয়ায় দাপ্তরিক কাজের মারাত্মক ব্যাঘাত সৃষ্টি হয়। উল্লেখ্য যে, দীর্ঘ দিন যাবৎ SHARP ফটোকপিয়ার মেশিনটি যান্ত্রিক ত্রুটির কারনে বন্ধ হয়ে আছে ও CANON ফটোকপিয়ার মেশিনটি যান্ত্রিক ত্রুটি দেখা দেয়। অত্র বিভাগের আশেপাশে কোন স্টেশনারী দোকান না থাকায় দৈনন্দিন কাজের প্রয়োজনীয় কাগজপত্রাদি ফটোকপি করতে খুবই ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এতদ্বলম্বে, আলোচ্য ফটোকপিয়ার মেশিনগুলোর প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করার লক্ষ্যে বর্ণিত কাজের অভিজ্ঞ ৩(তিন) টি ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠানের নিকট থেকে কোটেশন সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত কোটেশনের সর্বনিম্ন দরদাতা কর্তৃক প্রদত্ত দর অনুসরণ করে একটি প্রাক্কলন তৈরি করা হলো। প্রস্তুতকৃত প্রাক্কলনে আলোচ্য কাজের মোট ব্যয়ভার দাড়িয়েছে ২৪,৩০০/- (চব্বিশ হাজার তিনশত) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বৎসরের বরাদ্দকৃত বাজেটের “মুদ্রন ও মনোহারী খাত”, কোড নং-০১-০২-০১৬ হতে নির্বাহ করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে এফ এম বিভাগ-১ এর অফিস রক্ষণাবেক্ষণ এর জন্য ত্রুটিযুক্ত ফটোকপিয়ার মেশিনগুলো মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে উপস্থাপিত সর্বমোট= ২৪,৩০০/- (চব্বিশ হাজার তিনশত) টাকার প্রাক্কলনটির পাবলিক প্রকিউরমেন্ট আইন বিধিমালা ২০০৮ এর বিধি-৮১(১) ধারা মোতাবেক সরাসরি নগদ ক্রয় হিসাবে কার্য সম্পাদনের জন্য সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, কাজটি সম্পাদনের পর আলোচ্য কাজের জন্য আনীত টাকা পরবর্তীতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। যার অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৫/০১/২০২৫
মোঃ মুহাম্মদ আলম
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

15-1-25
Md. Fatik Chand Miah
Asstt. Engineer
F.M. Division-1, Dhaka WASA

15/01/2025
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

EF (FM-1)
15/01/2025

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

BE